

# ক্যাম্পাস মাতিয়ে রাখে যেসব ক্লাব

প্রকাশিত: ২০:১৯, ২৭ সেপ্টেম্বর ২০২৫



অনিরুদ্ধ সাজ্জাদ

## গ্রিন ক্যাম্পাস

‘সবুজ চিন্তা ও সবুজ মন’ এই স্লোগানকে ধারণ করে ২০১৩ সালে যাত্রা শুরু করে পরিবেশবাদী সংগঠন গ্রিন ক্যাম্পাস। এর প্রধান উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা তৈরি করা এবং বিশ্ববিদ্যালয়ের প্রাকৃতিক সৌন্দর্য রক্ষা করা। সংগঠনটি প্রতিষ্ঠার পেছনে রয়েছে এক বলিষ্ঠ প্রতিবাদের ইতিহাস। ক্যাম্পাসে স্থাপনা নির্মাণের নামে নির্বিচারে বৃক্ষনিধন রুখতে এবং একটি প্রাচীন বটবৃক্ষকে প্রশাসনের নিধনের হাত থেকে বাঁচাতে তাদের টানা ৩৭ দিনের সফল আন্দোলন বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে একটি মাইলফলক হয়ে আছে। গ্রীন ক্যাম্পাস নিয়মিত বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে, যেখানে ঔষধি ও ফলজ গাছের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়। এর পাশাপাশি তারা ‘বৃক্ষ ও পাখি পরিচিতি’র আয়োজন করে শিক্ষার্থীদের দেশীয় পাখি ও গাছের সঙ্গে পরিচয় করিয়ে দেয়।

## শব্দকুঞ্জ

নজরুল বিশ্ববিদ্যালয়ের আবৃত্তি সংগঠন ‘শব্দকুঞ্জ’ প্রতিষ্ঠিত হয় ২০১৯ সালে। সংগঠনটি আবৃত্তি ও বাচক চর্চার মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশে কাজ করছে। জাতীয় পুরস্কারপ্রাপ্ত

আবৃত্তিশিল্পী ও প্রতিষ্ঠাতা পরিচালক আরিফ হাসানের নেতৃত্বে সংগঠনটি নিয়মিত উন্মুক্ত আবৃত্তি আসর আয়োজন করে থাকে।

#### ডিবেটিং সোসাইটি

যুক্তি, মেধা ও মননের শাণিত প্রকাশ ঘটাতে ২০১২ সাল থেকে কাজ করে যাচ্ছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি।

#### ফিল্ম অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব

ক্যামেরার লেন্সে গল্প বলা এবং সেলুলয়েডে স্বপ্ন আঁকার প্রত্যয় নিয়ে ২০০৯ সালে যাত্রা শুরু করে ফিল্ম অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব। প্রথমে ফটোগ্রাফি ক্লাব হিসেবে এর কার্যক্রম শুরু হলেও ২০১৪ সালে চলচ্চিত্রকে অন্তর্ভুক্ত করে এর পরিধি আরও বিস্তৃত করা হয়।

#### রোটারেঙ্ক ক্লাব

লিড দ্য চেঞ্জ মূলমন্ত্রকে ধারণ করে ২০২০ সালে যাত্রা শুরু করে রোটারেঙ্ক ক্লাব অব জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। আন্তর্জাতিক সংস্থা রোটারি ইন্টারন্যাশনালের যুব শাখা হিসেবে এই ক্লাবটি দুটি প্রধান লক্ষ্য নিয়ে কাজ করে: সদস্যদের পেশাগত ও নেতৃত্ব প্রদানের দক্ষতার উন্নয়ন এবং সমাজসেবামূলক কর্মকাণ্ডের মাধ্যমে মানুষের পাশে দাঁড়ানো। পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ক্লাবটি সময়োপযোগী বিভিন্ন সেমিনার ও কর্মশালার আয়োজন করে।

#### ক্যারিয়ার ক্লাব

শিক্ষাজীবন শেষে কর্মজীবনের কঠিন প্রতিযোগিতায় শিক্ষার্থীদের যোগ্য করে তোলার লক্ষ্যে ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয় ক্যারিয়ার ক্লাব। এই ক্লাবের প্রধান উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের মধ্যে ক্যারিয়ার সচেতনতা তৈরি করা, তাদের প্রয়োজনীয় সফট স্কিলস ও হার্ড স্কিলস বৃদ্ধি করা এবং একাডেমিক জগৎ ও করপোরেট জগতের মধ্যে একটি মজবুত সেতুবন্ধ তৈরি করা।

#### বিজনেস ক্লাব

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ব্যবসায়িক জ্ঞান, উদ্যোগী মনোভাব এবং করপোরেট দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৩ সালের ২১ জুন যাত্রা শুরু করে নবীনতম সংগঠন বিজনেস ক্লাব। এর মূল উদ্দেশ্য হলো পাঠ্যবইয়ের ব্যবসায়িক তত্ত্বের সঙ্গে বাস্তব জগতের প্রয়োগের একটি সংযোগ স্থাপন করা। ক্লাবটি বিশ্বাস করে, আজকের শিক্ষার্থীরাই আগামী দিনের সফল উদ্যোক্তা ও ব্যবসায়ী নেতা। এই লক্ষ্যকে সামনে রেখে তারা শিক্ষার্থীদের জন্য বিভিন্ন কেস স্টাডি সমাধান, ব্যবসায়িক পরিকল্পনা তৈরি এবং ব্র্যান্ডিং প্রতিযোগিতার আয়োজন করার পরিকল্পনা নিয়েছে।

#### রিসার্চ সোসাইটি

একাডেমিক উৎকর্ষ সাধনের লক্ষ্যে শিক্ষার্থীদের মধ্যে গবেষণার প্রতি আগ্রহ তৈরি ও তাদের গবেষণা দক্ষ করে গড়ে তুলতে ২০১৯ সালের ২৯ এপ্রিল যাত্রা শুরু করে জাতীয় কবি কাজী

নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় রিসার্চ সোসাইটি। তরুণ গবেষকদের উদ্যোগে প্রতিষ্ঠিত এই সংগঠনের প্রধান লক্ষ্য হলো বিশ্ববিদ্যালয়ে একটি শক্তিশালী গবেষণা সংস্কৃতি তৈরি করা। অনেক শিক্ষার্থীর কাছে গবেষণা একটি ভয়ের বিষয় হলেও রিসার্চ সোসাইটি বিভিন্ন সহজ ও আকর্ষণীয় কর্মসূচির মাধ্যমে সেই ভীতি দূর করতে কাজ করছে। তারা নিয়মিতভাবে গবেষণার পদ্ধতি, তথ্য বিশ্লেষণ, গবেষণাপত্র লেখা এবং তথ্যসূত্র ব্যবস্থাপনার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ওপর সেমিনার, ওয়েবিনার ও প্রশিক্ষণের আয়োজন করে।